# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 June, 2025

চট্টগ্রামের মিরসরাই উপজেলার করেরহাট ইউনিয়নে নিজ বসতঘর থেকে মোহাম্মদ ফয়েজ আহমেদ (৮৫) নামে এক বৃদ্ধের হাত-পা বাঁধা রক্তাক্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৬ জুন) সকালে জোরারগঞ্জ থানা-পুলিশ ঘটনাস্থল থেকে লাশটি উদ্ধার করে।

পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে, বুধবার রাতে দুর্বৃত্তরা তাকে হাত-পা বেঁধে ছুরিকাঘাতে হত্যা করে পালিয়ে যায়।

নিহত ফয়েজ আহমেদ করেরহাট ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের বদ্ধভবানী এলাকার বাসিন্দা। তিনি পাঁচটি বিয়ে করেছিলেন।ঘটনার সময় তিনি তাঁর সবচেয়ে ছোট স্ত্রী ফিরোজা আক্তারের ঘরে ছিলেন।ফিরোজা স্থানীয়ভাবে ধাত্রীর কাজ করেন।ঘটনার রাতে এক প্রসূতির ডেলিভারির কাজে বের হয়ে গেলে ফয়েজ আহমেদ ঘরে একা ছিলেন।

রাত শেষে ফিরোজা ঘরে ফিরে এসে স্বামীর রক্তাক্ত মরদেহ দেখতে পান।পরে স্থানীয়দের মাধ্যমে পুলিশে খবর দেওয়া হয়।

জোরারগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আবদুল হালিম জানান, “বৃদ্ধের শরীরে ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে।লাশ ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।হত্যার রহস্য উদ্‌ঘাটনে আমরা কাজ করছি।”

লাশ উদ্ধার ছুরিকাঘাতে হত্যা মিরসরাই চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:29

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3754417089